বিপিএল ২০২৪, সাত দলের ফিকশ্চার

একনজরে ২০২৪ সালের বিপিএলের সাত দলের ফিকশ্চার: কুমিল্লা ভিক্টোরিয়ান্স, চট্টগ্রাম চ্যালেঞ্জার্স, খুলনা টাইগার্স, রংপুর রাইডার্স, সিলেট স্ট্রাইকার্স, ফরচুন বরিশাল, দুর্দান্ত ঢাকা।

তারিখ ম্যাচ দল
সময় ভেন্যু

জানুয়ারি ১৯ ১ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-দুর্দান্ত ঢাকা বেলা ২টা মিরপুর
জানুয়ারি ১৯ ২ সিলেট স্ট্রাইকার্স-চট্টগ্রাম চ্যালেঞ্জার্স সন্ধ্যা ৭ টা মিরপুর জানুয়ারি ২০ ৩ রংপুর রাইডার্স-ফরচুন বরিশাল
বেলা ১টা ৩০ মিরপুর জানুয়ারি ২০ ৪ খুলনা টাইগার্স-চট্টগ্রাম চ্যালেঞ্জার্স সন্ধ্যা সাড়ে ৬টা মিরপুর

জানুয়ারি ২১ বিরতি
জানুয়ারি ২২ ৫ চট্টগ্রাম চ্যালেঞ্জার্স-দুর্দান্ত ঢাকা বেলা ১ টা ৩০ মিরপুর
জানুয়ারি ২২ ৬ ফরচুন বরিশাল-খুলনা টাইগার্স সন্ধ্যা সাড়ে ৬টা মিরপুর
জানুয়ারি ২৩ ৭ সিলেট স্ট্রাইকার্স-রংপুর রাইডার্স বেলা ১টা ৩০ মিরপুর
জানুয়ারি ২৩ ৮ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-ফরচুন বরিশাল সন্ধ্যা সাড়ে ৬টা মিরপুর

জানুয়ারি ২৪-২৫ ভ্রমণ ও বিরতি

জানুয়ারি ২৬ ৯ রংপুর রাইডার্স-খুলনা টাইগার্স বেলা ২টা সিলেট
জানুয়ারি ২৬ ১০ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-সিলেট স্ট্রাইকার্স সন্ধ্যা ৭টা সিলেট জানুয়ারি ২৭ ১১ ফরচুন বরিশাল-চট্টগ্রাম

চ্যালেঞ্জার্স বেলা ১টা ৩০ সিলেট জানুয়ারি ২৭ ১২ রংপুর রাইডার্স-দুর্দান্ত ঢাকা সন্ধ্যা সাড়ে ৬টা সিলেট

জানুয়ারি ২৮ বিরতি
জানুয়ারি ২৯ ১৩ সিলেট স্ট্রাইকার্স-চট্টগ্রাম চ্যালেঞ্জার্স বেলা ১টা ৩০ সিলেট জানুয়ারি ২৯ ১৪ খুলনা টাইগার্স-দুর্দান্ত ঢাকা সন্ধ্যা সাড়ে ৬টা সিলেট
জানুয়ারি ৩০ ১৫ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-রংপুর রাইডার্স বেলা ১টা ৩০ সিলেট
জানুয়ারি ৩০ ১৬ সিলেট স্ট্রাইকার্স-ফরচুন বরিশাল সন্ধ্যা সাড়ে ৬টা সিলেট

জানুয়ারি ৩১ – ফেব্রুয়ারি ১ বিরতি
ফেব্রুয়ারি ২ ১৭ সিলেট স্ট্রাইকার্স-দুর্দান্ত ঢাকা বেলা ২টা সিলেট ফেব্রুয়ারি ২ ১৮ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-চট্টগ্রাম চ্যালেঞ্জার্স সন্ধ্যা ৭টা সিলেট ফেব্রুয়ারি ৩ ১৯ ফরচুন বরিশাল-খুলনা টাইগার্স বেলা ১টা ৩০ সিলেট ফেব্রুয়ারি ৩ ২০ সিলেট স্ট্রাইকার্স-রংপুর রাইডার্স সন্ধ্যা সাড়ে ৬টা সিলেট

ফেব্রুয়ারি ৪-৫ ভ্রমণ ও বিরতি
ফেব্রুয়ারি ৬ ২১ রংপুর রাইডার্স-দুর্দান্ত ঢাকা বেলা ১টা ৩০ মিরপুর ফেব্রুয়ারি ৬ ২২ ফরচুন বরিশাল-চট্টগ্রাম চ্যালেঞ্জার্স সন্ধ্যা সাড়ে ৬টা মিরপুর ফেব্রুয়ারি ৭ ২৩ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-খুলনা টাইগার্স বেলা ১ টা ৩০ মিরপুর
ফেব্রুয়ারি ৭ ২৪ সিলেট স্ট্রাইকার্স-দুর্দান্ত ঢাকা সন্ধ্যা সাড়ে ৬টা
মিরপুর

ফেব্রুয়ারি ৮ বিরতি
ফেব্রুয়ারি ৯ ২৫ সিলেট স্ট্রাইকার্স-খুলনা টাইগার্স বেলা ২ টা মিরপুর

ফেব্রুয়ারি ২১- ২২ ভ্রমণ ও বিরতি

ফেব্রুয়ারি ২৩ ৪১ কুমিল্লা ভিক্টোরিয়ান্স-ফরচুন বরিশাল বেলা ২টা মিরপুর
ফেব্রুয়ারি ২৩ ৪২ সিলেট স্ট্রাইকার্স-খুলনা টাইগার্স সন্ধ্যা ৭টা মিরপুর

ফেব্রুয়ারি ২৪ বিরতি
ফেব্রুয়ারি ২৫ ৪৩ এলিমিনেটর (টেবিলের তৃতীয় ও চতুর্থ দল) বেলা ১টা ৩০ মিরপুর
ফেব্রুয়ারি ২৫ ৪৪ প্রথম কোয়ালিফায়ার (১ম ও ২য় দল) সন্ধ্যা সাড়ে ৬টা মিরপুর

ফেব্রুয়ারি ২৬ বিরতি
ফেব্রুয়ারি ২৭ ৪৫ দ্বিতীয় কোয়ালিফায়ার (৪৪তম ও ৪৩ তম সন্ধ্যা সাড়ে ৬টা মিরপুর

ম্যাচের পরাজিত ও জয়ী দল)

ফেব্রুয়ারি ২৮ ও ২৯ বিরতি

ফাইনাল
১ মার্চ ৪৪ ও ৪৫তম ম্যাচের জয়ী দুই দল সন্ধ্যা ৭টা মিরপুর।

সূত্র: ইত্তেফাক

হরিণাকুণ্ডুতে চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে নগদ অর্থ প্রদান

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের বিভাগীয় চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের মাঝে

নগদ অর্থ প্রদান করা হয়েছে।

আজ সোমবার (১১ডিসেম্বর) দুপুরে হরিণাকুন্ডু পৌরসভার সম্মেলন কক্ষে এ অর্থ প্রদান করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের পক্ষ থেকে বিভাগীয় চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের সম্মানে এ অর্থ বরাদ্দ দেওয়া হয়। জেলার হরিণাকুন্ডু উপজেলার শুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীরা বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের খুলনা বিভাগীয় চ্যাম্পিয়ন হয়। সে উপলক্ষে হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ফারুক হোসেন সরকারের দেওয়া অর্থ খুদে খেলোয়াড়দের হাতে তুলে দেন।

সেসময় উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম. সাইফুজ্জামান তাজু, টিম লিডার আব্দুস সামাদ আজাদ দিপু, শুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউসুফ আলী, পৌরসভার কাউন্সিলর ও বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ। বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের বিভাগীয় চ্যাম্পিয়ন দলের শ্রেষ্ঠ খেলোয়াড়কে ৫ হাজারসহ ১৮ জন খেলোয়াড়ের প্রত্যেককে ২ হাজার টাকা করে সম্মানী প্রদানসহ পৌরসভার পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

বার্সেলোনাকে বিধ্বস্ত করে শীর্ষে জিরোনা

লা-লিগার এবারের মৌসুমে শিরোপা জয়ের দৌড়ে রিয়াল মাদ্রিদ, বার্সেলোনা, অ্যাতলেটিকো মাদ্রিদকে বেশ ভালোভাবেই টেক্কা দিচ্ছে জিরোনা। গত বছর মৌসুম শেষ করেছিল ৪৯ পয়েন্ট নিয়ে দশম স্থানে থেকে। এবার তারাই লিগ চ্যাম্পিয়ন হওয়ার দৌড়ে অন্যতম ফেভারিট। এরই ধারাবাহিকতায় রোববার হারিয়েছে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনাকে।

এস্তাদিও অলিম্পিক লুইস স্টেডিয়ামে খেলতে নেমে এদিন শুরুতে এগিয়ে যায় জিরোনাই। ম্যাচের ১২ মিনিটেই প্রথম গোলের দেখা পায় দলটি। অবশ্য আর্তেম দোভিকের শটে পাওয়া সেই লিড ৭ মিনিটের বেশি ধরে

রাখতে পারেনি ক্লাবটি। ১৯ মিনিটের মাথায় বার্সা সমতায় ফেরে রবার্ট লেভানডভস্কির গোলে।

এর পর দুই দলই গোলের দেখা পেতে মরিয়া হয়ে চেষ্টা চালায়। তবে প্রথমার্ধ শেষ হওয়ার মিনিট পাঁচেক আগে ফের এগিয়ে যায় জিরোনাই। দলটিকে এবার লিড এনে দেন মিগেল গিমেরেজ। এক গোলে পিছিয়ে থেকে দ্বিতীয়ার্ধ শুরুর পর ফের শুরু হয় বার্সার সমতায় ফেরার লড়াই। তবে সেই সমতা আর আসেনি কালকের ম্যাচে।

গোলের দেখা পেতে জাবি হার্নান্দেজের শিষ্যরা মরিয়া হয়েই লড়েছেন। আক্রমণে ব্যস্ত রেখেছে জিরোনার রক্ষণ, নিয়েছে ৩১টি শর্ট, যার মধ্যে লক্ষ্যে ছিল ১১টি। তবে কাঙ্ক্ষিত গোলের দেখা মেলেনি। এদিকে ম্যাচের ৮০ মিনিটে উল্টো ব্যবধান বাড়ায় জিরোনা। এদিকে নির্ধারিত সময়ের পর বার্সার ব্যবধান কমান ইকায় গুন্দোয়ান। তবে এর পর ৯৫তম মিনিটে বার্সার জালে চতুর্থ গোলটি করেন জিরোনার ক্রিস্টিয়ান স্টুয়ানি। ফলে ৪-২ গোলের হার নিয়েই মাঠ ছাড়তে হয় জাবি শিষ্যদের।

এদিকে বার্সার বিপক্ষে এই জয়ে লা-লিগায় রিয়ালকে টপকে ফের শীর্ষে উঠেছে জিরোনা। ১৬ ম্যাচে ১৩ জয় আর ১ হারে ৪১ পয়েন্ট নিয়ে শীর্ষে দলটি। সমান ম্যাচে ১২ জয় আর ১ হার নিয়ে দুইয়ে আছে রিয়াল। চারে থাকা বার্সার ১৬ ম্যাচে পয়েন্ট ৩৪।

সূত্র: যুগান্তর

২৫ বছর পর ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজ জয়

সিরিজের প্রথম ওয়ানডে জিতে কাজটা এগিয়ে রেখেছিলেন ওয়েস্ট ইন্ডিজ। কিন্তু দ্বিতীয় ম্যাচে সিরিজে ফিরে আসে ইংল্যান্ড। কিন্তু শেষ ম্যাচে আর পারল না তারা। ডাকওয়ার্থ লুইস পদ্ধতিতে ৪ উইকেটে

হয়েছে, আমার জন্য বিশেষ কিছু। সবাইকে ধন্যবাদ এটা সম্ভব করার জন্য। ঘরের মাঠের দর্শকদের সামনে, মা–বাবার সামনে…এটা হৃদয়গ্রাহী।’

ম্যাচ হেরে হতাশ বাটলার দুষছেন দ্রুত ৫ উইকেট হারানোকে, ‘ব্যাট হাতে কিছু রান কম করেছি। ৪০ রানে ৫ উইকেট হারানো আমাদের বড় ধাক্কা দিয়েছে। মাঠ অনেক ভেজা ছিল, বল হাতে আমরা ভালোই করেছি। স্পিনাররা খেলায় ফিরিয়েছিল। ছেলেদের জন্য দীর্ঘ যাত্রার এটা মাত্র শুরু। আশা করছি, ভবিষ্যতের জন্য কিছু গড়তে পারব।’

সূত্র: ইত্তেফাক

এক এক সমতায় টেস্ট সিরিজ শেষ

আশা জাগিয়েও শেষ পর্যন্ত জিততে পারল না বাংলাদেশ। কিউইদের লক্ষ্য মাত্র ১৩৭। এই ছোট লক্ষ্যটাকে কঠিন বানিয়ে দিয়েছিলেন স্পিনাররা। একটা সময় মনে হয়েছে জিতেই যাবে বাংলাদেশ। তখন মাত্র ৬৯ রানে ৬ উইকেট হারিয়ে ধুকছে নিউজিল্যান্ড।
সেখান থেকে মিচেল স্যান্টনারের সঙ্গে সপ্তম উইকেটে জুটি বেঁধে কিউইদের জয়ের বন্দরে পৌঁছে দেয় প্রথম ইনিংসের নায়ক ফিলিপস। ফিলিপস ৪০ ও মিচেল স্যান্টনার ৩৫ রান করেন। তাদের অপরাজিত ৭০ রানের জুটি ৪ উইকেটের জয় নিশ্চিত করে নিউজিল্যান্ডের। এতে ম্যাচে জয়ের পাশাপাশি টেস্ট সিরিজ ১-১ এ ড্র করে কিউইরা।
প্রথম টেস্ট জিতে সিরিজ জয়ের লক্ষ্যে মাঠে নেমেছিল বাংলাদেশ। টস জিতে ব্যাটিং নেন অধিনায়ক। কিন্তু প্রথম ইনিংসে মাত্র ১৭২ রান করতে পারে বাংলাদেশ। জবাব দিতে নেমে ব্যাটিং বিপর্যয়ে পরে কিউইরা। তারপরও ফিলিপসের ৮৭ রান এবং লোয়ার অর্ডারে ব্যাটারদের দৃড়তায় ৮ রানের লিড নিয়ে ১৮০ রানে শেষ হয় তাদের। ইনিংস।
এরপর ব্যাট করতে নেমে বড় লক্ষ্য দিতে পারেনি বাংলাদেশ। জাকির হাসানের অর্ধশতকের পরও দ্বিতীয় ইনিংসে ১৪৪ রানে গুটিয়ে যায় বাংলাদেশ।
১৩৭ রানের লক্ষ্যে ব্যাটিং করতে নামে নিউজিল্যান্ড। এই ম্যাচ জিততে শুরুতে দারুন কিছু করতে হতো। শুরুটাও পেয়েছিল তারা। প্রথম ওভার থেকেই কনওয়েকে দুর্দান্ত ইনসুইং দিয়ে ভুগিয়েছিলেন শরিফুল ইসলাম। লাঞ্চের পরপরই সেই ইনসুইং দিয়েই কনওয়ের উইকেট তুলে নেন শরিফুল। কেইন উইলিয়ামসন এর আগেও বহুবারই বাংলাদেশকে

ভুগিয়েছেন। অবশ্য তাকে বাড়তে দেননি তাইজুল। স্ট্যাম্পিংয়ে শেষ হয় উইলিয়ামসনের ইনিংস।
আর হেনরি নিকোলস ফিরেছেন মিরাজের স্পিনে। মাপা এক বলে লেগবিফোরের শিকার হন এই ব্যাটার। রিভিউ নিয়েও বাঁচতে পারেননি। অন্যপাশে তখনও টিকে ছিলেন টম ল্যাথাম। দেখেশুনেই খেলছিলেন তিনি। কিন্তু মিরাজের দারুণ সুইংয়ের সুবাদে আউটসাইড এজড বল পরিণত হয় নাজমুল হোসান শান্তর জন্য। একইরকম উইকেটের শিকার টম ব্লান্ডেলও। তাইজুলের বলে উইকেটের পেছনে সোহানকে ক্যাচ দিয়ে ফিরেছেন তিনি। নিউজিল্যান্ড শিবিরে সবচেয়ে বড় ধাক্কাটা দিয়েছেন তাইজুল। ফর্মে থাকা ড্যারিল মিচেলকে শান্তর ক্যাচে পরিণত করেছেন তিনি।
এরপর আর উইকেট পরতে দেননি ফিলিপস ও মিচেল স্যান্টনার। জয়ের বন্দরে পৌঁছে দেন নিউজিল্যান্ডকে।

২০৩৪ বিশ্বকাপেও মেসিকে দেখতে চাই–জিয়ান্নি ইনফান্তিনো

ক্যারিয়ারে একটাই অপূর্ণতা ছিল আর্জেন্টাইন মহাতারকা লিওনেল মেসির। তা হলো দেশের হয়ে বিশ্বকাপ জেতা। সর্বশেষ কাতার বিশ্বকাপ জিতে সেই অপূর্ণতা ঘুচিয়ে ফেলেছেন এই ফুটবল জাদুকর। বয়স এখন ৩৬। আর তাই ফিট থাকলেই কেবল ২০২৬ বিশ্বকাপ খেলতে পারেন মেসি। তবে আর্জেন্টাইন এই তারকাকে শুধু ২০২৬ নয়, ২০৩৪ বিশ্বকাপেও দেখতে চান ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো।

সম্প্রতি এক সাক্ষাৎকারে কানাডা ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত পরবর্তী বিশ্বকাপে মেসিকে দেখতে চান কিনা এমন প্রশ্নের উত্তরে ফিফা প্রধান বলেন, ‘আমি আশা করি মেসি আগামী বিশ্বকাপে খেলবেন। তারপরের বিশ্বকাপে এমনকি ২০৩৪ বিশ্বকাপেও। যতদিন তিনি (মেসি) খেলতে চান।’

২০২৬ বিশ্বকাপ খেলা প্রসঙ্গে মেসি বলেছিলেন, ‘আমি বিশ্বকাপ নিয়ে ভাবছি না। আমি শতভাগ নিশ্চয়তা দিয়ে বলছি না যে আমি সেখানে থাকব না। কারণ, যেকোনো কিছু হতে পারে। মূল কারণ আমার বয়স। আমার সেখানে না থাকাটাই স্বাভাবিক। এরপর দেখা যাবে। যতদিন পর্যন্ত মনে হবে আমি ভালো আছি এবং দলে অবদান রাখতে পারি ততদিন পর্যন্ত আমি

খেলা চালিয়ে যাব। এখন আমি কেবল কোপা আমেরিকায় যাওয়ার কথাই ভাবছি। এরপর সময় বলবে আমি সেখানে (বিশ্বকাপে) থাকব কি থাকব না।’

সূত্র: ইত্তেফাক

পেলে-নেইমারের ক্লাব সান্তোসের প্রথম অবনমন

ফোর্তালেজার বিপক্ষে সান্তোসের ম্যাচের একটি মুহূর্ত। হেরে দ্বিতীয় বিভাগে নেমে গেছে সান্তোসছবি: সান্তোসের এক্স অ্যাকাউন্ট সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে নেইমারের পোস্টটি দেখে আন্দাজ করে নেওয়া যায়, ব্রাজিলিয়ান তারকার মন ভালো নেই। মুখে হাসি নেই।

সেটা শুধু চোট পেয়ে মাঠের বাইরে থাকার জন্য নয়, গতকাল রাতে নেইমারের মন খারাপ হওয়ার মতো আরও একটি ঘটনা ঘটেছে। ব্রাজিলের শীর্ষ লিগ ‘সিরি আ’তে নিজেদের শেষ ম্যাচে ফোর্তালেজার কাছে ২-১ গোলে হেরে দ্বিতীয় বিভাগে নেমে গেছে সান্তোস।

নেইমার এ ক্লাব থেকেই উঠে এসেছিলেন ফুটবলের পাদপ্রদীপের আলোয়। তিনবার বিশ্বকাপজয়ী প্রয়াত কিংবদন্তি পেলেও তারকা হয়ে উঠেছেন এই সান্তোস থেকে। সেই পেলের মৃত্যুর এক বছর পূর্ণ হওয়ার কিছুদিন আগে অবনমন ঘটল সান্তোসের। গত বছর ২৯ ডিসেম্বর ৮২ বছর বয়সে মারা যান পেলে।

কিংবদন্তির প্রস্থানের এক বছর পূর্ণ হওয়ার আগেই সান্তোসের অবনমনে নেইমারের মন একটু খারাপ হওয়াই স্বাভাবিক। ইনস্টাগ্রাম স্টোরিতে নেইমার তাই লিখেছেন, ‘সান্তোস সব সময় সান্তোসই থাকবে। আমরা আবারও হাসব।’

তবে সান্তোস সমর্থকদের মুখে আপাতত হাসি নেই। ‘সিরি বি’তে অবনমন নিশ্চিত হওয়ার পর সান্তোসের মাঠ ভিলা বেলমিরোর বাইরে রাস্তায় বেশ কিছু গাড়িতে আগুন দেন সমর্থকেরা। ক্লাবের ১১১ বছরের ইতিহাসে

প্রথমবারের মতো অবনমনে বুকের ভেতর জ্বলতে থাকা আগুনটা সমর্থকেরা নেভাতে পারেননি।

ব্রাজিলের শীর্ষ লিগ থেকে কখনো অবনমনের শিকার না হওয়া ক্লাবগুলোর তালিকা থেকে সান্তোসের নাম কাটা পড়ার পর এখন বাকি রইল শুধু ফ্লামেঙ্গো ও সাও পাওলো। টানা ৫ ম্যাচ জয়শূন্য থাকায় ২০ দলের লিগে ১৭তম স্থানে নেমে গিয়ে অবনমন মেনে নিতে হয় সান্তোসকে।

একই দিন ক্রুজেইরোর সঙ্গে ১-১ গোলে ড্র করে সিরি আ-তে টানা দ্বিতীয় শিরোপা নিশ্চিত করেছে পালমেইরাস। মৌসুমে নিজের ১১তম গোল করে পালমেইরাসকে এগিয়ে দিয়েছিলেন ১৭ বছর বয়সী ফরোয়ার্ড এনদ্রিক।

রিয়াল মাদ্রিদ তাঁকে দলে টেনে নেওয়া মোটামুটি নিশ্চিত করেই রেখেছে। আগামী বছর জুলাইয়ে ১৮ বছর বয়স পূর্ণ করার পর তাঁর সঙ্গে পেশাদার চুক্তি করবে রিয়াল। জয়ের পর এনদ্রিক বলেছেন, ‘লোকে বলছে, এটা আমি জিতেছি।

কিন্তু আমি একাই এটা জিততে পারতাম না। বছরের শুরুতে লোকের কথায় কান দিয়ে মেজাজ ধরে রাখতে পারিনি। পরে বুঝেছি, এটা করা ঠিক হয়নি। অর্থাৎ আমি একটু হলেও পরিণত হয়েছি।’

সান্তোসকে বৈশ্বিক খ্যাতি এনে দিয়েছিলেন পেলে। পঞ্চাশ ও ষাটের দশকে বৈশ্বিক সফরে নাম কামানোর পাশাপাশি সে সময় ১০বার রাজ্য চ্যাম্পিয়নশিপ এবং ৬বার ব্রাজিলিয়ান লিগ জিতেছে ক্লাবটি। ১৯৬২ ও ১৯৬৩ সালে জিতেছে দক্ষিণ আমেরিকার চ্যাম্পিয়নস লিগ নামে খ্যাত কোপা লিবার্তোদোরেস।

এই দুই বছরে ইউরোপ ও দক্ষিণ আমেরিকার সেরা ক্লাবগুলোকে নিয়ে অনুষ্ঠিত প্রতিযোগিতা ইন্টারকন্টিনেন্টাল কাপও জিতেছে সান্তোস। ব্রাজিলিয়ান সিরি আ-তে সান্তোস সব মিলিয়ে ৮বারের চ্যাম্পিয়ন। তিনবার জিতেছে কোপা লিবার্তোদোরেস।

নিউজিল্যান্ডের পরে মিরাজ-তাইজুলের ঘুর্ণিতে প্রথম দিন শেষ

ঢাকা টেস্টে নিজেদের প্রথম ইনিংসে ১৭২ রানে অলআউট হয়েছে বাংলাদেশ। জবাবে ব্যাট করতে নেমে টাইগার স্পিনারদের ঘূর্ণিতে ধুঁকছে কিউই ব্যাটাররা। শুরুতেই ৫ উইকেট হারিয়ে ব্যাটিং বিপর্যয়ে পড়েছে নিউজিল্যান্ড।

১৭২ রানের জবাবে ব্যাট করতে নেমে উদ্বোধনী জুটিতে ২০ রান সংগ্রহ করেন দুই ওপেনার টম লাথাম ও ডেভন কনওয়ে। তবে দলীয় ২২ রানে এই দুই ব্যাটারকে হারায় নিউজিল্যান্ড। ১৪ বলে ১১ রান করে কনওয়ে ও ২০ বলে ৪ রান করে আউট হন লাথাম।

এরপর কিউই ব্যাটিং লাইনে ধস নামান মেহেদি হাসান মিরাজ। এরপর ২৪ রানের মধ্যে আরও তিন ব্যাটারকে হারিয়ে বিপর্যয়ে পড়ে নিউজিল্যান্ড। ৫ উইকেট হারিয়ে ৫৫ রান সংগ্রহ করে দিন শেষ করেছে কিউইরা। মিরাজ ৩টি ও তাইজুল নিয়েছেন ২টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

পিএসএলের নিলাম ১৩ ডিসেম্বর, সর্বোচ্চ মূল্যে সাকিবসহ আছেন যারা

পাকিস্তান সুপার লিগের (পিএসএল) নবম আসরের নিলাম আগামী ১৩ ডিসেম্বর লাহোরে অনুষ্ঠিত হবে। নিলামে নিবন্ধন করা ২৫৪ জন ক্রিকেটারের তালিকা প্রকাশ করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)।

টি-টোয়েন্টি এই টুর্নামেন্টে ৬টি ফ্র্যাঞ্চাইজি ৩৪টি ম্যাচে অংশ নিবে। আগামী ১৩ ফেব্রুয়ারি পিএসএল শুরু হয়ে ১৮ মার্চ ফাইনালের মধ্যে দিয়ে শেষ হবে।

নিলামে থাকা ক্রিকেটারদের ৫টি ক্যাটাগরীতে রাখা হয়েছে। সর্বোচ্চ ক্যাটাগরী হলো প্ল্যাটিনাম। এরপর ডায়মন্ড, গোল্ড, সিলভার এবং উদীয়মান।

প্ল্যাটিনাম ক্যাটাগরির ভিত্তি মূল্য- ১ লাখ ৪৮ হাজার ৬৬ ডলার। ডায়মন্ড ক্যাটাগরির ভিত্তি মূল্য- ৫২ হাজার ৪৩৩ ডলার। গোল্ড ক্যাটাগরির ভিত্তি মূল্য- ৩৭ হাজার ৪৫২ ডলার। সিলভার ক্যাটাগরির ভিত্তি মূল্য- ১৮ হাজার ৭২৬ ডলাল। উদীয়মান ক্যাটাগরির ভিত্তি মূল্য- ৭ হাজার ৪৯০ ডলার।

প্ল্যাটিনাম ক্যাটারিতে আছেন বাংলাদেশ দলের অধিনায়ক সাকিব আল হাসানসহ ২০ জন বিশ্ব তারকা।

প্ল্যাটিনাম ক্যাটাগরীতে আছেন- বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান, ইংল্যান্ডের তারকা অ্যালেক্স হেলস, ডেভিড উইজ, জেমস ভিন্স, আফগানিস্তানের তারকা ব্যাটসম্যান রহমানউল্লাহ গুরবাজ, হজরতউল্লাহ জাজাই, স্পিনার মুজিব উর রহমান, জিম্বাবুয়ের অধিনায়ক সিকান্দার রাজা, নিউজিল্যান্ডের তারকা ব্যাটসম্যান কলিন মুনরো, দক্ষিণ আফ্রিকার ব্যাটসম্যান রিশি ভেন ডার ডুসেনের মতো তারকারা।

সূত্র: যুগান্তর

গাংনীতে ফুটবলের আঘাতে কলেজ ছাত্রের মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে ফুটবল খেলতে গিয়ে বলের আঘাতে সপ্নীল হোসেন (১৭) নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। কলেজ ছাত্র সপ্নীল তেরাইল গ্রামের কাউছার আলীর ছেলে। এবং স্থানীয় তেরাইল-জোড়পুকুরিয়া (বঙ্গবন্ধু কলেজ) এর দ্বাদশ শ্রেণীর প্রথম

বর্ষের ছাত্র।

আজ মঙ্গলবার (৫ ডিসেম্বর) বিকেল ৩টার দিকে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, সপ্নীল এদিন বিকেলে বন্ধুদের সাথে ফুটবল খেলছিলেন। খেলার এক পর্যায়ে ফুটবলের আঘাতে সে মাঠে লুটিয়ে পড়ে গুরুতর ভাবে অসুস্থ হয়। এসময় অন্য খেলোয়াড় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে,কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। বলের আঘাতে তার মৃত্যু হয়েছে বলে মনে হচ্ছে।

গাংনী থানার ওসি তাজুল ইসলাম মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, ফুটবল খেলতে গিয়ে এক কলেজ ছাত্রের মৃত্যর খবর শুনে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে ।